

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৮২(আগরতলা-১৩।০৬)

ছেলেংটা, ১৩ জুন, ২০১৮

বন্যা : লংতরাইভ্যালিতে ১৪টি ত্রাণ শিবির

গত ১২ জুন অবিশ্রান্ত বৃষ্টির ফলে মনু নদী বিপদ সীমার উপর দিয়ে বইছে। এর ফলে মনু নদী সংলগ্ন ধলাই জেলার লংতরাইভ্যালির ছামনু ব্লকের ধন্যরাম কারবাড়ি পাড়া থেকে মনু ব্লকের বিজয়গিরি দেওয়ান পাড়া পর্যন্ত জনবসতি ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। লংতরাইভ্যালি মহকুমা প্রশাসন, ব্লক প্রশাসন, বিপর্যয় মোকাবিলা টিম ও সংশ্লিষ্ট দপ্তর বন্যার ফলে দুর্গতদের উদ্ধার ও ত্রাণ সরবরাহে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছে। এ পর্যন্ত লংতরাইভ্যালিতে ১৪টি ত্রাণ শিবির খোলা হয়েছে। এর মধ্যে মনু ব্লক এলাকায় ৯টি এবং ছামনু ব্লক এলাকায় ৫টি ত্রাণ শিবির খোলা হয়েছে। শিবিরগুলিতে ৭০৭টি পরিবারের শিশু ও পুরুষ-মহিলা সহ ২,৯৬৯ জন আশ্রয় নিয়েছেন। ত্রাণ শিবিরে খাদ্য, পানীয় জল, অমুখ ও অন্যান্য সামগ্রীর ব্যবস্থা করা হয়েছে।
